

হিসাববিজ্ঞান

বিষয় কোড: ১ ৪ ৬

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান — ৭০

দ্রষ্টব্য: দক্ষিণ পাশ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। সকল প্রশ্নের মান সমান। ক বিভাগ থেকে ২টি এবং খ বিভাগ থেকে যেকোনো ৫টিসহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।

ক-বিভাগ

১. ▶ আলমগীর এন্ড ব্রাদার্স-এর রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ:

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০১৬

ক্রমিক নং	হিসাবের নাম	খ: পূ:	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
১.	প্রারম্ভিক মজুদ পণ্য		৩০,০০০	
২.	৬% গৃহীত ঋণ (১-৭-১৬)			৫০,০০০
৩.	উত্তোলন ও মূলধন		১৭,০০০	১,১৮,০০০
৪.	কলকজা ও যন্ত্রপাতি		১,০০,০০০	
৫.	পণ্য ক্রয় ও বিক্রয়		১,১৯,০০০	১,৯০,০০০
৬.	কারবারি বাট্টা		১,৫০০	২,০০০
৭.	শিক্ষানবিশ ভাতা ও শিক্ষানবিশ সেলামি		৫,০০০	৮,০০০
৮.	বিমা সেলামি (৩১-৩-১৭)		৩,০০০	
৯.	মজুরি ও বেতন		২৬,০০০	
১০.	নগদ বাট্টা		২,০০০	২,৫০০
১১.	জ্বালানি ও সঞ্চয়পত্রের সুদ		৪,০০০	৭,০০০
১২.	হাতে নগদ		৮০,০০০	
১৩.	অবচয় সঞ্চিত— কলকজা			১০,০০০
			৩,৮৭,৫০০	৩,৮৭,৫০০

সমষ্টিসমূহ: ১. সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ৫৫,০০০ টাকা এবং

বাজারমূল্য ১০% বেশি। ২. ১-১০-১৬ তারিখে নতুন কলকজা ক্রয় ২০,০০০ টাকা। ৩. স্থায়ী সম্পদের ওপর ৫% হারে অবচয় ধরতে হবে। ৪. মজুর ও বেতন প্রতি মাসে ২,০০০ টাকা করে। ৫. ক্যাশ বাল্কে একটি মূল্যহীন চেক রয়েছে ৫,০০০ টাকা। ৬. মালিক কর্তৃক পণ্য উত্তোলন ৩,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।

ক. আলমগীর এন্ড ব্রাদার্সের নিট কলকজা ও যন্ত্রপাতির মূল্য নির্ণয় করো। ২

খ. আলমগীর এন্ড ব্রাদার্সের যথাযথ ছকে মোট মুনাফা নির্ণয় করো। ৪

গ. আলমগীর এন্ড ব্রাদার্সের ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য নিট মুনাফা/ক্ষতি নির্ণয় করো। ৪

২. ► স্বপ্নচূড়া এন্টারপ্রাইজের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ:

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০১৬

ক্রমিক নং	হিসাবের নাম	খ: পূ:	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
১.	দেনাদার ও পাওনাদার		২০,০০০	৩৭,০০০
২.	অফিস ও সরঞ্জাম		৭০,০০০	
৩.	নগদ তহবিল		১৮,৬০০	
৪.	উত্তোলন ও মূলধন		৩৫,০০০	১,০০,০০০
৫.	মজুদ পণ্য (১-১-১৬)		৩০,০০০	
৬.	ব্যাংক জমাতিরিক্ত			৩,০০০
৭.	বিমা প্রিমিয়াম (৩১-৩-১৭ পর্যন্ত বাৎসরিক)		১,৫০০	
৮.	মূলধন সুদ ও উত্তোলনের সুদ		১০,০০০	৪,০০০
৯.	জলযান ভাড়া		৪,০০০	
১০.	শুল্ক		১,০০০	
১১.	উপভাড়া			১১,০০০
১২.	পরিবহন		১,৭০০	
১৩.	পণ্য ক্রয় ও বিক্রয়		৮৪,০০০	১,৫৪,০০০
১৪.	বেতন ও মজুরি		৩৩,২০০	
			<u>৩,০৯,০০০</u>	<u>৩,০৯,০০০</u>

সমষ্টির সমূহ: ১. ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন ১,০০০ টাকা হিসাবভুক্ত

হয়নি। ২. অলিখিত আন্তঃফেরত ও বহিঃফেরত যথাক্রমে ৪,০০০ টাকা ও ২,০০০ টাকা। ৩. অব্যবহৃত মনিহারি ১,০০০ টাকা এবং ১ মাসের উপভাড়া অনাদায়ী রয়েছে। ৪. বাকিতে বিক্রয় ২,০০০ টাকা অবলোপন করো এবং অবশিষ্ট দেনাদারের ১০% সন্দেহজনক সঞ্চিত রাখতে হবে। ৫. অবিক্রীত পণ্যের মজুদ ৪০,০০০ টাকা।

- ক. অপরিচালন আয়ের পরিমাণ নির্ণয় করো। ২
 খ. উপর্যুক্ত তথ্যের আলোকে মোট মুনাফার পরিমাণ নির্ণয় করো। ৪
 গ. মালিকানাধীন ১,০৫,৫৭৫ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী তৈরি করো। ৪

খ-বিভাগ

৩.▶ জনাব মামুনের ২০১৫ সালের মার্চ মাসের ব্যবসায়িক লেনদেনগুলো নিম্নরূপ:

২০১৫

- মার্চ ১ মি. রফিক এর নিকট থেকে নগদ ১৬,০০০ টাকার মাল ক্রয়।
 " ৩ মাল ক্রয় ১৬,০০০ টাকা।
 " ৪ যন্ত্রপাতি ক্রয় ৫০,০০০ টাকা।
 " ৭ অনাদায়ী পাওনা ধার্য করা হলো ২,০০০ টাকা।
 " ৮ চেকে বেতন প্রদান ১২,০০০ টাকা।
 " ১৮ বিজ্ঞাপনের জন্য বিনামূল্যে পণ্য বিতরণ ৬,০০০ টাকা।
 " ২৫ ব্যাংক চার্জ ৩৫০ টাকা।
- ক. নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২
 খ. মার্চ মাসের ১ তারিখের লেনদেন দ্বারা একটি ডেবিট ভাউচার তৈরি করো। ৪
 গ. জনাব মামুনের জাবেদা বইতে উপর্যুক্ত ৭ থেকে ২৫ তারিখের লেনদেনগুলো লিপিবদ্ধ করো। ৪

৪.▶ ২০১৬ সালের এপ্রিল মাসে জনাব সুলতানের ব্যবসায়ে নিম্নোক্ত লেনদেনগুলো সংঘটিত হয়:

- এপ্রিল ১ নগদ উদ্ধৃত ৬০,০০০ টাকা এবং ব্যাংক জমাতিরিক্ত ৫,০০০ টাকা।
 " ৩ রফিকের নিকট ১০% বাড্ডায় ২০,০০০ টাকার পণ্য বিক্রয় ৫০% নগদে এবং ৫০% চেকে পাওয়া গেল।
 " ৭ ব্যাংকে জমা দেওয়া হলো ৭,০০০ টাকা।
 " ১২ রিতা ট্রেডার্সের পাওনা ১৫,০০০ টাকার পূর্ণনিষ্পত্তিতে ১৪,৫০০ টাকা প্রদান।
 " ২০ আলী স্টোর হতে ৫% বাড্ডায় ৯,৫০০ টাকা পাওয়া গেল।
 " ২৫ ৫% বাড্ডায় ১২,০০০ টাকায় পণ্য ক্রয় করে নগদে পরিশোধ করা হলো।
 " ২৭ নগদে প্রদেয় বিল পরিশোধ ২,৫০০ টাকা।
 " ২৮ মিমের নিকট হতে ৩,০০০ টাকার পণ্য ফেরত আসলো।

- ক. যে লেনদেনগুলো নগদান বইয়ে অন্তর্ভুক্ত হবে না সেগুলোর জাবেদা দাখিলা দাও। ২
- খ. উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা জনাব সুলতানের তিনঘরা নগদান বই প্রস্তুত করো। ৪
- গ. উপর্যুক্ত লেনদেনগুলো জনাব সুলতানের নগদ প্রদান জাবেদায় লিপিবদ্ধ করো। ৪
৫. ▶ মিম এন্টারপ্রাইজ-এর ২০১৬ সালের ৩০ জুন তারিখের খতিয়ান উদ্ভূতগুলো ছিল নিম্নরূপ:
- মূলধন ১,০০,০০০ টাকা; উত্তোলন ২৫,০০০ টাকা; সমন্বিত ক্রয় ৬০,০০০ টাকা; ব্যাংক জমাতিরিক্ত ৫,৫০০ টাকা; অগ্রিম বিনিয়োগের সুদ প্রাপ্তি ২,৫০০ টাকা; বরাদ্দকৃত বাট্টা ১১,৫০০ টাকা; রপ্তানি শুল্ক ৮,০০০ টাকা; পাওনাদার ৫,০০০ টাকা; অগ্রিম বেতন ৪,০০০ টাকা; মজুদ পণ্য (৩০-৬-১৬) ৩০,০০০ টাকা; প্রদেয় বিল ১৬,০০০ টাকা; দেনাদার ২৮,০০০ টাকা; মজুদ পণ্য (১-৭-১৫) ১২,৫০০ টাকা; প্রদত্ত ঋণ ৩৫,০০০ টাকা; প্রাপ্য উপভাড়া ৭,৫০০ টাকা; ব্যাংক জমা (১-৭-১৫) ১৫,০০০ টাকা; বিক্রয় ৮০,০০০ টাকা।
- ক. মিম এন্টারপ্রাইজের রেওয়ামিলে কোন কোন দফা অন্তর্ভুক্ত হবে না, তার মোট পরিমাণ কত? ২
- খ. উপর্যুক্ত উদ্ভূতগুলো দ্বারা একটি রেওয়ামিল প্রস্তুত করো। ৪
- গ. মিম এন্টারপ্রাইজের চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় করো। ৪
৬. ▶ জনাব আলী নগদ ২,০০,০০০ টাকা ও ১০,০০,০০০ টাকার যন্ত্রপাতি নিয়ে ২০১৬ সালের ১ জুলাই ব্যবসায় শুরু করেন:
- জুলাই ১০ খরিদ্ধারের বসার জন্য সোফা ক্রয় ২৫,০০০ টাকা।
- " ২০ মেসার্স মালতি স্টোর্স থেকে নতুন যন্ত্রপাতি ক্রয় ৬০,০০০ টাকা।
- " ২৮ চেয়ার টেবিল ক্রয় ২৫,০০০ টাকা।
- " ৩০ জনাব আলী ব্যবসায় থেকে নগদ উত্তোলন করেন ১২,০০০ টাকা।
- " ৩১ জনাব আলী ব্যক্তিগত টাকা দ্বারা কর্মচারীদের বেতন পরিশোধ করেন ৩০,০০০ টাকা।
- ক. জনাব আলীর মালিকানাধ্বত্বের পরিমাণ নির্ণয় করো। ২
- খ. হিসাবের T হুক ব্যবহার করে নগদান হিসাব ও মূলধন হিসাব প্রস্তুত করো। ৪
- গ. চলমান জের হুকে আসবাবপত্র হিসাব ও যন্ত্রপাতি হিসাব প্রস্তুত করো। ৪
৭. ▶ মি. লিটন ১ জুন ২০১৬ তারিখে আইন পেশার অফিস চালু করেন। উক্ত মাসে তার নিম্নরূপ লেনদেন ঘটে:
- জুন ১ আইন পেশায় ১,৮০,০০০ টাকা বিনিয়োগ করা হলো।
- " ২ নগদে আলমারি ক্রয় ৪০,০০০ টাকা।
- " ৩ জুন মাসের অফিস ভাড়া পরিশোধ করা হলো ৮,০০০ টাকা।
- " ৫ ধারে আইনি সেবা দেওয়া হলো ১৮,৫০০ টাকা।

- " ১০ ধারে আসবাবপত্র ক্রয় ৩০,০০০ টাকা।
 " ১৫ মক্কেলদের নগদে আইনি সেবা দেওয়া হলো ১০,০০০ টাকা।
 " ২০ মালিক কর্তৃক উত্তোলন ৪,৫০০ টাকা।
 " ২৫ ধারে ক্রয়কৃত আসবাবপত্রের মূল্য পরিশোধ ২০,০০০ টাকা।

- ক. অফিসের আসবাবপত্রের অপরিশোধিত মূল্যের পরিমাণ নির্ণয় করো। ২
 খ. মাস শেষে মি. লিটনের স্বত্বাধিকারের পরিমাণ নির্ণয় করো। ৪
 গ. জুন ১, ২, ৩ ও ৫ তারিখের লেনদেনগুলো দ্বারা বিবরণী ছকে হিসাব সমীকরণের ওপর প্রভাব দেখাও। ৪

৮.► জনাব আলামিন সাহেবের ব্যবসায় ২০১৬ সালের আগস্ট মাসের নিম্নোক্ত লেনদেনসমূহ সংঘটিত হয়েছে:

- আগস্ট ১ নতুন যন্ত্রপাতি ক্রয় ২,৫০,০০০ টাকা।
 " ৫ যন্ত্রপাতি ক্রয় পরিবহন খরচ ৫,০০০ টাকা।
 " ৮ মনিহারি দ্রব্য ক্রয় ২,০০০ টাকা।
 " ১০ মিরপুর হতে মতিঝিলে ব্যবসায় স্থানান্তর ব্যয় ১৫,০০০ টাকা।
 " ১২ নতুন যন্ত্রপাতির সংস্থাপন ব্যয় ১,৫০০ টাকা।
 " ১৫ কম্পিউটারের নতুন যন্ত্রাংশ ক্রয় ৩০,০০০ টাকা।
 " ১৭ যন্ত্রপাতির বড় ধরনের মেরামত ব্যয় ৭,০০০ টাকা।

- ক. বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২
 খ. মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নিরূপণ করো। ৪
 গ. উক্ত মেশিনটি ২০% মুনাফায় বিক্রয় করতে চাইলে মেশিনের বিক্রয়মূল্য কত নির্ধারণ করতে হবে? ৪

৯.► শামিমার ১ জানুয়ারি ২০১৬ সালের পারিবারিক অবস্থা নিম্নরূপ ছিল:
 বাড়িঘর ১০,০০,০০০ টাকা; আসবাবপত্র ৮০,০০০ টাকা; গহনা ২,৩০,০০০ টাকা; ব্যাংক ঋণ ৯০,০০০ টাকা; পাওনাদার ২৫,০০০ টাকা।

প্রাপ্তিসমূহ	টাকা	প্রদানসমূহ	টাকা
হাতে নগদ (১-১-১৬)	৩০,০০০	খাদ্যসামগ্রী ক্রয়	১,০০,০০০
ব্যাংক জমা (১-১-১৬)	৪৫,০০০	শিক্ষা খরচ	১,২০,০০০
বেতন	৩,০০,০০০	আপ্যায়ন খরচ	৩,৫০০
বাড়ি ভাড়া	৬০,০০০	চিকিৎসা খরচ	১৭,০০০
		ঋণ পরিশোধ	৪৫,০০০
		গ্যাস, পানি ও বিদ্যুৎ	৫০,০০০
		টেলিভিশন ক্রয়	৩১,০০০
		ল্যাপটপ ক্রয়	৬০,০০০
		উদ্ধৃত (৩১-১২-১৬)	৮,০০০
	<u>৪,৩৫,০০০</u>		<u>৪,৩৫,০০০</u>

অন্যান্য তথ্য: ১. খাদ্যসামগ্রী ক্রয় বকেয়া ১০,০০০ টাকা। ২. বাড়ি ভাড়া

৫,০০০ টাকা পাওয়া যায়নি।

- ক. শামিমার প্রারম্ভিক পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় করো। ২
খ. ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের আয়-ব্যয় বিবরণী তৈরি করো। ৪
গ. উক্ত তারিখের শামিমার পরিবারের আর্থিক অবস্থার বিবরণী তৈরি করো। ৪

১০.► মুন্নি ফুড ১,০০০টি কেক তৈরির জন্য নিম্নোক্ত ব্যয় নির্বাহ করে:

কাঁচামাল মজুদ : (১-১-১৬)	২,০০০ টাকা
(৩১-১-১৬)	১,৫০০ টাকা
চলতি কাজের মজুদ : (১-১-১৬)	২,৫০০ টাকা
(৩১-১-১৬)	৩,০০০ টাকা
কারখানা ভাড়া	৬,০০০ টাকা
মজুরি	৩,০০০ টাকা
অফিস খরচ	৬,০০০ টাকা
বিজ্ঞাপন	১,০০০ টাকা
বিক্রয় পরিবহন	৪,০০০ টাকা
কাঁচামাল ক্রয়	২০০ টাকা
(মুনাফা মোট ব্যয়ের ২৫%)	৮,০০০ টাকা

- ক. ব্যবহৃত কাঁচামালের ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. উদ্দীপকের আলোকে উৎপাদিত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. উদ্দীপকের আলোকে প্রতিটি কেকের বিক্রয়মূল্য নির্ণয় করো। ৪

১১.► মি. খান একজন ব্যবসায়ী। ২০১৬ সালের জানুয়ারি মাসের লেনদেনসমূহ নিম্নরূপ:

- জানু. ১ জনি ট্রেডার্সের নিকট হতে প্রতি পাউন্ড ১০০ টাকা দরে ৪০০ পাউন্ড চা ক্রয়। কারবারি বাট্টা ৫%। চালান নং-৫০। শর্ত: ৩/১৫, নিট ৩০। বহন খরচ ৭০০ টাকা।
" ১০ জাফর ব্রাদার্সের নিকট হতে প্রতি লিটার ২০০ টাকা দরে ৩০০ লিটার সয়াবিন তেল ক্রয়। কারবারি বাট্টা ৫%। চালান নং-১১০। শর্ত ৩/১০, নিট ২০। প্যাকিং খরচ ১,২০০ টাকা।
" ২০ জনি ট্রেডার্সকে প্রতি পাউন্ড ১০০ টাকা দরে ৫০ পাউন্ড চা পাতা নমুনা মাফিক না হওয়ায় ফেরত পাঠানো হলো। ডেবিট নোট নং-১১৮।

- ক. জানুয়ারি মাসে মি. খানের ক্রয় সংক্রান্ত আনুষঙ্গিক খরচের পরিমাণ কত? ২
খ. জানুয়ারি মাসের তথ্য অবলম্বনে একটি ডেবিট নোট তৈরি করো। ৪
গ. উপর্যুক্ত লেনদেনগুলোর সাহায্যে মি. খানের একটি ক্রয় জাবেদা প্রস্তুত করো। ৪

(বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে

সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।)

১. সুন্দর, সুশৃঙ্খল ও মিতব্যয়ী জীবন গঠনের জন্য কোনটি প্রয়োজন?

- ক) হিসাব খ) লেনদেন
গ) জাবেদা ঘ) রেওয়ামিল

২. ডেবিট নোটের সাহায্যে লেখা হয়—

- ক) ক্রয় বই খ) বিক্রয় বই
গ) ক্রয় ফেরত বই ঘ) বিক্রয় ফেরত বই

৩. একতরফা দাখিলা পদ্ধতিতে হিসাব সংরক্ষণে গুরুত্ব দেওয়া হয় না—

- i. আয় হিসাব
ii. ব্যয় হিসাব
iii. সম্পদ বাচক হিসাব
নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪. 'ব্যাংক থেকে গৃহীত ঋণ' কোন জাতীয় লেনদেন?

- ক) মূলধন জাতীয় প্রাপ্তি
খ) মূলধন জাতীয় আয়
গ) মুনাফা জাতীয় প্রাপ্তি
ঘ) মুনাফা জাতীয় আয়

উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:

মি. সালাম তার ব্যবসায়ের পণ্য নগদে বিক্রয় করেন ৩,০০০ টাকা। কর্মচারীদের বেতন প্রদান করেন ২,৫০০ টাকা। রশিদের নিকট থেকে পেলেন ৩,০০০ টাকা। তিনি ব্যাংকে জমা দিলেন ৫০০ টাকা।

৫. নগদে পণ্য বিক্রয় করার ক্ষেত্রে বিক্রয় হিসাব কি হিসাব?

- ক) সম্পদ হিসাব খ) আয় হিসাব
গ) দায় হিসাব ঘ) ব্যয় হিসাব

৬. রশিদের নিকট থেকে প্রাপ্ত টাকার জন্য রশিদ হিসাব একটি—

- ক) সম্পদ হিসাব খ) আয় হিসাব
গ) দায় হিসাব ঘ) নগদান হিসাব

৭. শফিক তার ব্যবসায়ে কোন লেনদেনের কারণে ক্রয় হিসাব ক্রেডিট করবে?

- i. ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন
ii. কারবার হতে পণ্য চুরি হলে
iii. বিনামূল্যে পণ্য বিতরণ করলে
নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৮. কোন হিসাব অনুযায়ী খতিয়ানে ব্যালেন্স সি/ডি

ও বি/ডি ব্যবহার হয় না?

- ক) T হক অনুযায়ী
খ) চলমান জের হক অনুযায়ী
গ) উভয় হক অনুযায়ী
ঘ) কোনটিই নয়

৯. কোনটি তিনঘরা নগদান বহির অন্তর্ভুক্ত হয় না?

- ক) প্রদত্ত বাট্টা খ) প্রাপ্ত বাট্টা
গ) নগদ বাট্টা ঘ) কারবারি বাট্টা

১০. অগ্রিম শিক্ষানবিশ ভাতা প্রদান রেওয়ামিলের কোন পাশে অন্তর্ভুক্ত হবে?

- ক) ক্রেডিট কলামে
খ) ডেবিট অথবা ক্রেডিট কলামে
গ) কোনো দিকেই বসে না
ঘ) ডেবিট কলামে

১১. পরিচালন ব্যয়ের অংশ—

- i. ম্যানেজারের বেতন
ii. স্থায়ী সম্পদের মেরামত
iii. অনাদায়ী পাওনা
নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১২. উৎপাদন ব্যয়ের সাথে বিক্রয় সংক্রান্ত খরচ যোগ করে কী পাওয়া যায়?

- ক) নিট বিক্রয় ব্যয়
খ) বিক্রীত পণ্যের মোট ব্যয়
গ) মোট ব্যয়
ঘ) নিট উৎপাদন ব্যয়

১৩. কোনটি পরিবারিক মুনাফা জাতীয় ব্যয়?

- ক) বাড়িঘর নির্মাণ খ) সাইকেল ক্রয়
গ) শিক্ষা খাতে ব্যয় ঘ) টেলিভিশন ক্রয়

উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও:

মিসেস উর্মির নিকট ২২,০০০ টাকার মাল বিক্রয় করা হলো। এ বাবদ তিনি আমাদের ১০,০০০ টাকা নগদ ও ৫,০০০ টাকার একটি চেক দিলেন।

১৪. প্রাপ্ত চেকটি ব্যাংকে জমা দিলে নগদান বইয়ের কোথায় যাবে?

- ক) ডেবিট দিকে ব্যাংকের ঘরে
খ) ডেবিট দিকে নগদের ঘরে
গ) ক্রেডিট দিকে ব্যাংকের ঘরে
ঘ) ক্রেডিট দিকে নগদের ঘরে

১৫. উক্ত লেনদেনে কত টাকা ধারে লেনদেন যা নগদান বইতে যাবে না?

- ক ৫,০০০ খ ৬,০০০
গ ৭,০০০ ঘ ৮,০০০

১৬. খতিয়ানের চলমান জের হকের উপরের ডানদিকে কী লিখতে হয়?

- ক হিসাবের কোড নং খ ক্রেডিট
গ পৃষ্ঠা নম্বর ঘ হিসাবের নাম

১৭. আর্থিক ফলাফল ও আর্থিক অবস্থা নিরূপণ করা হিসাব বিজ্ঞানের কোন ধরণের উদ্দেশ্য?

- ক সর্বপ্রথম খ অন্যতম প্রধান
গ বিশেষ ঘ সাধারণ

১৮. ব্যবসায়ের বিক্রয়কর্মী সাক্ষিরের বেতন প্রদান ১০,০০০ টাকা। এতে ব্যবসায়ের—

- i. সম্পদ বৃদ্ধি পায়
ii. সম্পদ হ্রাস পায়
iii. মালিকানা স্বত্ব হ্রাস পায়

নিচের কোনটি সঠিক?

- ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৯. কোনটি বৃদ্ধি পেলে ক্রেডিট হয়?

- ক প্রাপ্য কমিশন খ সম্পদ
গ ব্যয় ঘ আয়

২০. বাজারে নতুন পণ্য চালু করার বিজ্ঞাপন খরচ—

- ক মূলধন জাতীয় ব্যয়
খ মুনাফা জাতীয় ব্যয়
গ বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়
ঘ মূলত বিক্রয় ব্যয়

২১. 'T' হকের ক্ষেত্রে—

- i. এতে ৮টি ঘর থাকে
ii. জাঃ পৃঃ ২ বার লেখা হয়
iii. টাকার ঘর ৪টি

নিচের কোনটি সঠিক?

- ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২২. দোকান হতে পণ্য চুরি ১,০০০ টাকা। এখানে ডেবিট দিকে কোনটি বসবে?

- ক পণ্য চুরি হিসাব খ নগদান হিসাব
গ ক্রয় হিসাব ঘ বিবিধ ক্ষতি হিসাব

উদ্দীপকটি পড়ো এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও:

রনি রাইস ট্রেডার্স মনি স্টোর থেকে ১০% বাটায়

১,০০,০০০ টাকার চাল ক্রয় করে ৫০% নগদে প্রদান করে।

২৩. মনি স্টোরের জন্য ১০% টাকা কী হিসেবে গণ্য?

- ক পরিমাণ বাটায় খ ক্রয় বাটায়
গ বিক্রয় বাটায় ঘ প্রাপ্ত বাটায়

২৪. রনি রাইস ট্রেডার্স সাধারণ খতিয়ানে কত টাকা লিখবে?

- ক ১০,০০০ টাকা খ ৪০,০০০ টাকা
গ ৫০,০০০ টাকা ঘ ৯০,০০০ টাকা

২৫. ব্যাংক কলামের ক্রেডিট জের কি নির্দেশ করে?

- ক ব্যাংক জমাতিরিক্ত উত্তোলন
খ ব্যাংক জমার উদ্বৃত্ত
গ ব্যাংকে জমা
ঘ ব্যাংক কলামের ডেবিট উদ্বৃত্ত

২৬. প্রদত্ত ঋণের সুদ রেওয়ামিলের কোন দিকে বসে?

- ক ডেবিট দিকে খ ক্রেডিট দিকে
গ উভয় দিকে ঘ যেকোনো একদিকে

২৭. হিসাব বিজ্ঞানের কোন নীতি অনুসারে সমাপনী মজুদ পণ্যের মূল্য নির্ধারণে ক্রয়মূল্য ও বাজারমূল্যের মধ্যে যেটি কম সেটি ধরা হয়?

- ক সমতার নীতি খ রক্ষণশীলতার নীতি
গ স্বচ্ছতার নীতি ঘ দক্ষতার নীতি

২৮. নিট পরিচালন মুনাফা কীভাবে পাওয়া যায়?

- ক বিক্রয়-বিক্রয় ফেরত - বিক্রীত পণ্যের ব্যয় + মুনাফা
খ বিক্রয় + মুনাফা + পরিচালন ব্যয়
গ মোট মুনাফা - অফিস + পরিচালন ব্যয়
ঘ নিট বিক্রয় + মুনাফা - পরিচালন ব্যয়

২৯. পরিকল্পনার সংখ্যাঙ্ক প্রকাশকে কী বলে?

- ক বাজেট খ হিসাব নিরীক্ষা
গ পরিসংখ্যান ঘ অডিটিং

৩০. মি. সজীব ৫০,০০০ টাকার আসবাবপত্র বিক্রয়ের উদ্দেশ্যে ধারে ক্রয় করেন। এ লেনদেনটির দ্বারা কারবারের—

- i. খরচ বৃদ্ধি পেয়েছে
ii. সম্পদ বৃদ্ধি পেয়েছে
iii. দায় বৃদ্ধি পেয়েছে

নিচের কোনটি সঠিক?

- ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১	ক	২	গ	৩	ক	৪	ক	৫	খ	৬	ক	৭	ঘ	৮	খ	৯	ঘ	১০	ঘ	১১	ঘ	১২	গ	১৩	গ	১৪	ক	১৫	গ
১৬	ক	১৭	খ	১৮	গ	১৯	ঘ	২০	গ	২১	ক	২২	ঘ	২৩	গ	২৪	ঘ	২৫	ক	২৬	খ	২৭	খ	২৮	গ	২৯	ক	৩০	ঘ